13

দৈনিক সংবাদ

তারিখ 17.OCT.1994
পৃষ্ঠা 7 কলাম 7

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# প্রশ্নপত্র ফাঁসের ঘটনা শিক্ষকসহ ৫ জন বরখাস্ত

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত থাকার অভিযোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১ জন শিক্ষকসহ ৫ জনকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

গতকাল রোববার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এর ফলে ৮ মাস ৫ দিন ধরে সৃষ্ট জটিলতার নিরসন হল।

জানা গেছে, বিবিএ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের জন্য গঠিত তদন্ত কমিটির রিপোর্টের আলোকে এই ব্যবস্থা নেয়া হয়েছে। ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান ডঃ জহিরুল হক, বাণিজ্য অনুষদের পিয়ন বেলাল, চাকসু ক্যাফেটেরিয়ার কর্মচারী বাতেন, হিসাববিজ্ঞান বিভাগের পিয়ন আওয়াল ও সোলেমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এর মধ্যে শেষোক্ত জন ছাড়া বাকি তিনজন ডঃ জহিরুল হকের আত্মীয়।